

নং-৪৬.৪২.৫৫০০.০০০.১৪.০৯৩.১৫. ৬২৫

তারিখ: ০৯ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
২৬ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে মাগুরা জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ জনাব পঙ্কজ কুমার কুন্ডু, চেয়ারম্যান, জেলা পরিষদ, মাগুরা এর আধাসরকারি পত্র, তারিখঃ ১৮/২/২০১৭।

২০১৬-২০১৭ অর্থ বছরে মাগুরা জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকায় অনুমোদিত ৩টি প্রকল্প পরিবর্তন করে সমপরিমাণ অর্থে পরিবর্তিত ৩টি প্রকল্প বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

ক্র:নং	মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ	পরিবর্তিত প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
১	মাগুরা সদর হাসপাতাল সংলগ্ন পুকুরের সীমানায় তাঁরকাটা ও সীমানা পিলার স্থাপন	২,০০,০০০/-	খোর্দেছোনপুর বিশ্বাসপাড়া গোরস্থান জামে মসজিদের উন্নয়ন	২,০০,০০০/-
২	মাগুরা তাঁরী পাড়া ৪ নং সরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন	২,০০,০০০/-	আজমপুর উত্তর চরপাড়া জামে মসজিদ উন্নয়ন	২,০০,০০০/-
৩	ধানেশ্বরগাতী ইউনিয়ন পরিষদের গেট নির্মাণ	১,০০,০০০/-	জগদল মোল্ল্যাপাড়া (কলেজ পাড়া) জামে মসজিদ উন্নয়ন	১,০০,০০০/-

শর্তসমূহঃ

- ১) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প/প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে ;
- ৩) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৪) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের জন্য প্রকল্পস্থানে “জেলা পরিষদ মাগুরা এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।


(জুবাইদা নাসরীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মাগুরা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, মাগুরা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।